MAR. 21 2002

ভোরের কাগজ

# ফটিকছড়িতে বোর্ড টিমের ওপর বহিষ্কৃত এসএসসি পরীক্ষার্থীদের বোমা হামলা

চট্টগ্রাম অফিস : ফটিকছড়ির এসএসসি পরীক্ষা কেন্দ্র করনেশন উচ্চ বিদ্যালয়ের কেন্দ্রের বাইরে বহিষ্কৃত প্রায় ১০০ ছাত্রছাত্রী গতকাল মঙ্গলবার বোর্ডের স্পেশাল ভিজিলেন্স টিমের ওপর বোমা হামলা চালায়। তবে কেউ হতাহত হওয়ার খবর পাওয়া যায়নি। সন্দ্বীপে এক পরীক্ষার্থীর বিরুদ্ধে উত্তরপত্র কেন্দ্রের বাইরে নিয়ে আসার অভিযোগে থানায় জিডি করা হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, গতকাল বেলা ১১টার দিকে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের স্পেশাল ভিজিলেন্স টিম করনেশন উচ্চ বিদ্যালয়ে নকলের মহোৎসব ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৮

## ফটিকছড়িতে বোর্ড টিমের

● প্রথম পাতার পর

দেখতে পায়। ভিজিলেন্স টিম কেন্দ্রের ৮১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করে। পরে তারা কেন্দ্র থেকে বেরিয়ে আসার সময় বহিষ্কৃত পরীক্ষার্থীরা তাদের ওপর ককটেল ছুড়ে মারে। পুলিশ দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে গতকাল একদিনে অসদুপায় অবলম্বনের জন্য কক্সবাজারে ১৮ জন, রাঙ্গামাটিতে ৫৪ জন, বান্দরবানে ৫ জন এবং চট্টগ্রামে ১১৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।